গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা-১২১৬

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৩০০.২৪.০০১.২৪-০২

তারিখ: ২৯ পৌষ ১৪৩২
১৩ জানুয়ারি ২০২৬

**বিষয়: অনলাইনে পাঠ্যপুস্তকের চাহিদা প্রণয়নের নিমিত্ত IPEMIS সফটওয়্যারে সকল বিদ্যালয় এবং শিক্ষার্থী তথ্য হালনাগাদকরণ**

সূত্রঃ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নম্বর ৩৮.০১.০০০০.০০০.৯০০.৩৫.০০০১.২৩.৫; তারিখ: ৮ জানুয়ারি ২০২৬

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৭ শিক্ষাবর্ষে বিনামূল্যের পাঠ্যপুস্তকের চাহিদা অনলাইনে নিরূপণ বিষয়ে ইতোমধ্যে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। অনলাইনে পাঠ্যপুস্তকের সঠিক চাহিদা নিরূপণের নিমিত্ত প্রতিটি উপজেলা/থানার সকল ধরণের প্রত্যেকটি প্রাথমিক বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান এবং উক্ত বিদ্যালয়/প্রতিষ্ঠানসমূহের শিক্ষার্থী তথ্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের **IPEMIS সফটওয়্যারে** এন্ট্রি হওয়া বাঞ্চনীয়।

২। এমতাবস্থায়, বিনামূল্যের পাঠ্যপুস্তকের চাহিদা অনলাইনে নিরূপণের লক্ষ্যে সূত্রোক্ত পত্রের নির্দেশনা ও সময়সূচি মোতাবেক সকল ধরণের প্রাথমিক বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান এবং উক্ত বিদ্যালয়/প্রতিষ্ঠানসমূহের শিক্ষার্থী তথ্য আবশ্যিকভাবে **১৪ জানুয়ারি ২০২৬ হ'তে ২৯ জানুয়ারি ২০২৬** এর মধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের **IPEMIS সফটওয়্যারে** এন্ট্রি ও অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। **উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে সকল ধরণের বিদ্যালয় ও শিক্ষার্থী তথ্য এন্ট্রি/হালনাগাদকরণ সম্পন্ন না করার কারণে পাঠ্যপুস্তকের চাহিদা নিরূপণের সৃষ্ট জটিলতার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।**

৪। বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ১ (এক) ফর্দ

১৩.১.২০২৬
মোঃ মাসুদ হোসেন
পরিচালক (প্রশাসন)
ফোন নম্বর: ০২-৫৫০৭৪৮২৯
ই-মেইল: diradmindpe@gmail.com

উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৩০০.২৪.০০১.২৪-০২/৫১৬(৭৩)

তারিখ: ২৯ পৌষ ১৪৩২
১৩ জানুয়ারি ২০২৬

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য) প্রেরণ করা হলো:

১। পরিচালক (তথ্য ব্যবস্থাপনা বিভাগ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
২। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল)
৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল) [নির্ধারিত সময়ের মধ্যে বিদ্যালয় ও শিক্ষার্থী তথ্য এন্ট্রি/হালনাগাদ করার বিষয় তিনি নিবিড়ভাবে তদারকি করবেন]
৪। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
৫। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী ( অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
৬। অফিস কপি

১৩.০১.২৬
তাপস কুমার অধিকারী
উপপরিচালক (বই বিতরণ)
ফোন নম্বর: ০২-৫৫০৭৪৮৮৯
ই-মেইল: dpebook111@gmail.com